রেদওয়ান রনি ও সাদিয়া আয়মানের প্রেমের গুঞ্জনে মুগ্ধ ভক্তকূল !

written by Chandradip News24 | October 27, 2024

Happy Birthday
Redoan Rony,
Age is just a number for you!
20.10.24
Bob Marley

চন্দ্রদ্বীপ ডেস্ক :: গত ২০ অক্টোবর ছিল নির্মাতা রেদওয়ান রনির জন্মদিন, যা উদযাপন করতে উপস্থিত ছিলেন তার ঘনিষ্ঠ সহকর্মীরা। এই দিনটির বিশেষ আকর্ষণ ছিলেন অভিনেত্রী সাদিয়া আয়মান, যাকে রনি ‘প্রিয়তমা’ বলে সম্বোধন করেছেন। এই সম্বোধনকে কেন্দ্র করে তাদের মধ্যে প্রেমের গুঞ্জন ভক্তদের মাঝে ব্যাপক আলোচনা সৃষ্টি করেছে।

জন্মদিন উদযাপনের পোস্টে রনি ২৩টি ছবি শেয়ার করেন, যেখানে প্রিয়জনদের সঙ্গে একসাথে বেশ কিছু সুন্দর মুহূর্তে তাকে দেখা যায়। সাদিয়া আয়মানের সঙ্গে কাপল ছবিতেও তাদের একান্ত মুহূর্ত ধরা পড়ে। ক্যাপশনে রনি লেখেন, “আমার সবচেয়ে ভালো সারপ্রাইজ পার্টির পরিকল্পনা করার জন্য আমার প্রিয়তমাকে বিশেষ ধন্যবাদ! আমি খুব খুশি এবং প্রত্যেকের কাছে কৃতজ্ঞ।”

এমন পোস্টের পর থেকে মন্তব্যে অনেকেই রনিকে শুভেচ্ছা জানান এবং পরামর্শ দেন সাদিয়ার সাথে সম্পর্ককে আরও গভীর করার জন্য। বিশেষ

করে সাদিয়া আয়মানের মন্তব্য "আমার জীবনে যা পেয়েছি, তার মাঝে তুমি সবচেয়ে সেরা" আরও গভীর জল্পনার সৃষ্টি করেছে।

যদিও এই বিষয়ে সংবাদ মাধ্যম সাদিয়ার মন্তব্য জানার চেষ্টা করেছিল, তিনি কোনো প্রতিক্রিয়া জানাতে রাজি হননি। তবে তাদের ভক্তরা এই বিশেষ সম্পর্ক নিয়ে আনন্দিত এবং আরও ভালো খবরের অপেক্ষায় রয়েছে।